# নারায়ণগঞ্জে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের ৫ নেতাকে গ্রেপ্তার



LENS ASIA

ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলা নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের পাঁচ নেতাকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) রাত ৩টা ৪৫ মিনিটের দিকে রাজধানীর বসুন্ধরা এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন আড়াইহাজার উপজেলা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলাম শরীফ, সাংগঠনিক সম্পাদক সুমাইয়া আফরোজ অনামিকা, কায়েতপাড়া ইউনিয়ন ছাত্রলীগের সহসভাপতি আশরাফুল ইসলাম তুষার, উপজেলা ছাত্রলীগ নেতা আরিফ এবং রাতু।

ডিবি পুলিশের মিন্টো রোডের একটি দল অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে বলে জানা গেছে।